# মুখতাসার সহীহ আল-বুখারী

হাদিস নাম্বারঃ ২৭৪ [আন্তর্জাতিক নাম্বারঃ ৪৪১]

৮. কিতাবুস্ সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ মসজিদে পুরুষদের ঘুমানো

## باب نَوْمِ الرِّجَالِ فِي الْمَسْجِدِ

আরবী

□□□ـ عَنْ سَهْلِ بْنِ سَعْدٍ قَالَ: جَاءَ رَسُولُ اللَّهِ بَيْتَ فَاطِمَةَ، فَلَمْ يَجِدْ عَلِيًّا فِي الْبَيْتِ، فَقَالَ أَيْنَ ابْنُ عَمِّكِ؟ قَالَتْ: كَانَ بَيْنِي وَبَيْنَهُ شَيْءٌ، فَغَاضَبَنِي فَخَرَجَ فَلَمْ يَقِلْ عِنْدِي، فَقَالَ رَسُولُ اللَّهِ لإِنْسَانٍ انْظُرْ أَيْنَ هُوَ؟ فَجَاءَ، فَقَالَ: يَا رَسُولَ اللَّهِ هُوَ فِي الْمَسْجِدِ رَاقِدٌ. فَجَاءَ رَسُولُ اللَّهِ وَهُوَ مُضْطَجِعٌ، قَدْ سَقَطَ رِدَاؤُهُ عَنْ شِقِّهِ، وَأَصَابَهُ تُرَابٌ، فَجَعَلَ رَسُولُ اللَّهِ يَمْسَحُهُ عَنْهُ وَيَقُولُ قُمْ أَبَا تُرَابٍ، قُمْ أَبَا تُرَابٍ

বাংলা

২৭৪) সাহ্ল বিন সা’দ (রাঃ) হতে বর্ণিত, তিনি বলেনঃ একদা ফাতেমা (রাঃ)এর ঘরে রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম প্রবেশ করে আলীকে না পেয়ে জিজ্ঞেস করলেনঃ তোমার চাচতো ভাই (তোমার স্বামী) কোথায়? তিনি বললেনঃ আমার ও তাঁর মধ্যে কিছু কথা কাটাকাটি হয়েছে। তাই তিনি রাগ করে ঘর থেকে বের হয়ে গেছেন। ঘরে দুপুর বেলার আরাম করেননি। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম একজন লোককে বললেনঃ দেখ তো সে কোথায় আছে? লোকটি দেখে এসে বললঃ হে আল্লাহর রাসূল! তিনি মসজিদে ঘুমিয়ে আছেন। রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম মসজিদে এসে দেখলেন, তিনি মসজিদে শুয়ে আছেন। এক পার্শ্ব হতে চাদর পড়ে যাওয়ার কারণে তাঁর শরীরে মাটি লেগে গেছে। নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম তাঁর শরীর থেকে মাটি মুছতে মুছতে বললেনঃ হে আবু তুরাব উঠ! হে আবু তুরাব উঠ!

টিকাঃ আলী (রাঃ) ছিলেন ফাতেমার চাচা। তবে আপন চাচা তথা তিনি রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের আপন ভাই ছিলেন না। পিতার নিকট আত্মীয়কে আরবদের পরিভাষায় চাচাতো ভাই বলার নিয়ম রয়েছে। কারণ আলী (রাঃ) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের চাচাতো ভাই ছিলেন। তাঁর উপনাম ছিল আবু তুরাব।

## English

Sleeping of a men in the mosque

Narrated Sahl bin Sa`d:

Allah's Messenger (ﷺ) went to Fatima's house but did not find `Ali there. So he asked, "Where is your cousin?" She replied, "There was something between us and he got angry with me and went out. He did not sleep (midday nap) in the house." Allah's Messenger (ﷺ) asked a person to look for him. That person came and said, "O Allah's Messenger (ﷺ)! He (Ali) is sleeping in the mosque." Allah's Messenger (ﷺ) went there and `Ali was lying. His upper body cover had fallen down to one side of his body and he was covered with dust. Allah's Messenger (ﷺ) started cleaning the dust from him saying: "Get up! O Aba Turab. Get up! O Aba Turab (literally means: O father of dust).

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ আলোকিত প্রকাশনী  বর্ণনাকারীঃ সাহল বিন সা'দ (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=89572

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন